

যায়যায়দিন

তারিখ ... 20 FEB 2007 ...
পৃষ্ঠা ২

৩৬

ইউএস আর্মির সহায়তা স্কুল ও সাইক্লোন শেল্টার উদ্বোধন করলেন প্যাট্রিসিয়া বিউটেনিস

শামীম হামিদ চকরিয়া (কক্সবাজার) থেকে ফিরে কক্সবাজারের চকরিয়ায়, ইউএস আর্মির আর্থিক সহায়তায় নির্মিত মালুমঘাট মেমোরিয়াল কৃষ্ণিয়ান স্কুলের নতুন বিল্ডিং ও সাইক্লোন শেল্টার উদ্বোধন করা হয়েছে। গতকাল সোমবার বেলা সাড়ে

১১টায় প্রায় সোয়া দুই কোটি টাকা ব্যয়ে নির্মিত দুটিনন্দন এ বিল্ডিংয়ের উদ্বোধন করেন আমেরিকার অ্যামবাসাডর প্যাট্রিসিয়া বিউটেনিস। এ সময় উপস্থিত ছিলেন কক্সবাজারের ডিসি

স্কুল ও সাইক্লোন শেল্টার

(শেষ পৃষ্ঠার পর)

মোহাম্মদ আমিনুল ইসলাম, চকরিয়ার টিএনও শাহ আলমসহ বেশ কয়েক সিনিয়র সামরিক ও বেসামরিক আমলা। স্কুল গভর্নিং কমিটির পক্ষে স্বাগত বক্তব্য রাখেন যোসেফ অমল রায়। প্রধান অতিথির হাতে উপহার তুলে দেন স্কুলের হেডমাস্টার রুনেন্দু বিকাশ দে। আকাশি-নীল সামার সুট পরিহিত প্যাট্রিসিয়া বিউটেনিস স্কুল মাঠে এসে পৌছেন বেলা সোয়া ১১টায়। এর আগে কড়া নিরাপত্তার মধ্যে তিনি হেলিকপ্টারে করে ঢাকা থেকে আসেন। উদ্বোধনী বক্তৃতায় বিউটেনিস বলেন, আমেরিকার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ইউএস আর্মি এ স্কুল নির্মাণ করেছে। এ

ধরনের স্কুল ও আশ্রয় কেন্দ্র ইন্দোনেশিয়া এবং পাকিস্তানেও তৈরি করা হয়েছে। এ দুটি দেশে সুনামি ও ভূমিকম্পের পর দুর্গত মানুষ এ শেল্টারগুলোতে আশ্রয় নিয়েছিল। উদ্বোধনী অনুষ্ঠানের পর স্কুলের শিক্ষার্থীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। এরপর প্রধান অতিথি স্কুলের শিক্ষার্থীদের সঙ্গে কিছু সময় কাটান। সাড়ে ১২টায় তিনি স্কুল কম্পাউন্ড ছেড়ে নিকটবর্তী ডুলাহাজারা হসপিটালে যান। এখানে লাঞ্চ সেরে দুপুরের পরই তিনি ঢাকায় ফিরে যান। মালুমঘাট মেমোরিয়াল কৃষ্ণিয়ান স্কুল প্রতিষ্ঠিত হয় ১৯৭৪ সালে। প্রাইমারি ও হাই স্কুলের দুই বিভাগ মিলিয়ে প্রায় ৮০০ শিক্ষার্থী এখানে পড়াশোনা করছে।